



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জয়িতা ফাউন্ডেশন
জয়িতা টাওয়ার, বাড়ি নং ২০/এ (নতুন) ৪০৫/বি
(পুরাতন) রোড নং-২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।
<http://joyeeta.portal.gov.bd/>



নম্বর: ৩২.০৪.০০০০.০০১.২৭.২৭০.২০.৪৭

তারিখ: ২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: রাপা প্লাজা জয়িতা ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত জয়িতা বিপণন কেন্দ্র ও ফুড কোর্টের স্টল হস্তান্তর সংক্রান্ত।

জয়িতা ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ধানমন্ডির ২৭ নম্বর রোডের রাপা প্লাজা জয়িতা বিপণন কেন্দ্র ও ফুড কোর্টের (৪র্থ তলা ও ৫ম তলা) নারী উদ্যোক্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০১ জানুয়ারি, ২০২৫ তারিখে স্মারক নং- জঃ ফাঃ/জঃবিপ কেন্দ্র ব্যবস্থাপনা/২৭০ (অংশ-৩)-৭ পত্রে ৩১ মার্চ, ২০২৫ তারিখের পর রাপা প্লাজায় জয়িতা ফাউন্ডেশনের কোন কার্যক্রম পরিচালিত হবে না মর্মে নোটিশ জারি করা হয় (সংযুক্ত: নোটিশের কপি)। তথাপি নোটিশ সম্পর্কে স্পষ্টিকরণের জন্য কতিপয় উদ্যোক্তা পত্র প্রেরণ করেছেন। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিষয়টি নিম্নে স্পষ্টিকরণ করা হলো:

(ক) ৩১ মার্চ, ২০২৫ তারিখের পর রাপা প্লাজায় জয়িতা ফাউন্ডেশনের কোন কার্যক্রম পরিচালিত হবে না। পরবর্তীতে প্রমিত পরিচালন পদ্ধতি (বোর্ড অব গভর্নরস কর্তৃক অনুমোদিত) অনুযায়ী উদ্যোক্তা নির্বাচন করে জয়িতা টাওয়ারে কার্যক্রম পরিচালনা করা হবে।

(খ) ৩১ মার্চ, ২০২৫ তারিখ রাপা প্লাজার কর্তৃপক্ষের নিকট ফ্লোর ২ (দুই) টি (৪র্থ তলা ও ৫ম তলা) বুকিয়ে দেয়া হবে বিধায় সকল উদ্যোক্তাকে ২৪ মার্চ, ২০২৫ তারিখের মধ্যে নিজ উদ্যোগে স্টল খালি করে দিতে হবে।

২। এমতাবস্থায়, জয়িতা বিপণন কেন্দ্র ও ফুড কোর্টের (৪র্থ তলা ও ৫ম তলা) সকল উদ্যোক্তাকে নিজ উদ্যোগে স্টল খালি করে জয়িতা বিপণন কেন্দ্র ও জয়িতা ফুড কোর্টের ফ্লোর ইনচার্জ জনাব মো: মামুন হোসেন খন্দকার এর নিকট স্টল ও স্টলের চাবি হস্তান্তরের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-০১-২০২৫

ফৌজিয়া রহমান

পরিচালক- ৩ (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উদ্যোক্তা(সকল) জয়িতা বিপণন কেন্দ্র ও জয়িতা ফুড কোর্ট।
- ২। প্রোগ্রামার, জয়িতা ফাউন্ডেশন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। ফ্লোর ইনচার্জ, জয়িতা বিপণন কেন্দ্র ও ফুড কোর্ট (জয়িতা বিপণন কেন্দ্র ও ফুড কোর্টের সকল উদ্যোক্তার পত্র প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য)।
- ৪। অফিস কপি।

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), জয়িতা ফাউন্ডেশন।
- ২। সহকারী পরিচালক, বিপণন ও সম্প্রসারণ শাখা, জয়িতা ফাউন্ডেশন।
- ৩। সহকারী পরিচালক, বিপণন কেন্দ্রের হিসাব শাখা, জয়িতা ফাউন্ডেশন।
- ৪। পিএটু ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।